হায় অতিথি, এখনি কি হল তোমার যাবার বেলা ।
দেখো আমার হৃদয়তলে সারা রাতের আসন মেলা ॥
    এসেছিলে দ্বিধাভরে   কিছু বুঝি চাবার তরে,
    নীরব চোখে সন্ধ্যালোকে খেয়াল নিয়ে করলে খেলা ।
জানালে না গানের ভাষায় এনেছিলে যে প্রত্যাশা ।
শাখার আগায় বসল পাখি, ভুলে গেল বাঁধতে বাসা ।
    দেখা হল, হয় নি চেনা—   প্রশ্ন ছিল, শুধালে না—
    আপন মনের আকাঙ্ক্ষারে আপনি কেন করলে হেলা ॥

---

Parjaay: Prem, Taal: Sasthi, Raag: Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail